



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours Part-III Examination, 2017

বাংলা - সাম্মানিক

অষ্টম পত্র

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

প্রাক্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে। পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথো সভ্বব
শব্দসীমার মধ্যে উত্তর করিবেন।

১. নিম্নলিখিত যে-কোন একটি প্রশ্নের উত্তর দাওঃ $15 \times 1 = 15$

(ক) “এই একখানি নাটকই তাঁহাকে একাধারে সর্বকালের শ্রেষ্ঠ কবি ও
নাট্যকারুণ্যে যশোমণ্ডিত করিয়া রাখিত। বিশেষ করিয়া চতুর্থ অঙ্কে আমরা
প্রকৃতির কবি কালিদাসের পূর্ণপরিচয় পাই!” – কালিদাসের কোন নাটক
সম্পর্কে একথা বলা হয়েছে? তাঁর অন্যান্য নাটকগুলির পরিচয় দিয়ে আলোচ
নাটকটি সম্পর্কে সমালোচকের মন্তব্যের যাথার্থ্য প্রতিপন্ন করো। $1+6+8$

(খ) বানভট্টের রচনাগুলির নাম লেখো। রচনাগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। সংস্কৃত
সাহিত্যে বানভট্টের স্থান নির্ণয় করো। $2+6.5+$
 6.5

(গ) কবি জয়দেব কোন সময়ে তাঁর কাব্য রচনা করেন? তাঁর জন্মস্থান নিয়ে যে
বিতর্ক আছে সে বিষয়ে আলোকপাত করো। তাঁর কাব্যের সম্যক পরিচয় দিয়ে
বাংলা সাহিত্যে তাঁর প্রভাব কতখানি তা দেখাও। $1+8+10$

২. নিম্নলিখিত যে-কোন একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করোঃ $5 \times 1 = 5$

(ক) ঝাতুসংহার (খ) মেঘদূত (গ) উত্তররামচরিত (ঘ) মৃচ্ছকটিক
(ঙ) মালতীমাধব।

B.A./Part -III/Hons./BNGA-VIII/2017

৩. নিম্নলিখিত যে-কোন একটি প্রশ্নের উত্তর দাওঃ $15 \times 1 = 15$

- (ক) গীতিকবি হিসাবে ওয়ার্ডসওয়ার্থের পরিচয় দাও। প্রসঙ্গক্রমে ওয়ার্ডসওয়ার্থের
সঙ্গে গীতিকবি রবীন্দ্রনাথের প্রকৃতিচেতনার পার্থক্য বুঝিয়ে দাও। $10+5$
- (খ) স্কটের উপন্যাসিক প্রতিভাব পরিচয় দাও। বাংলা সাহিত্যে স্কট রচিত
উপন্যাসের প্রভাব কতখানি রয়েছে, তা বিচার করো। $10+5$
- (গ) চার্লস ডিকেন্সের উপন্যাসের বৈশিষ্ট্যসমূহ নির্দেশ করে তাঁর অন্তত দুটি
উপন্যাস সম্পর্কে পূর্ণাঙ্গ আলোচনা করো। প্রসঙ্গত বাংলা সাহিত্যে তার
কোনো প্রভাব আছে কি না তা দেখাও। $10+5$

৪. নিম্নলিখিত যে-কোন একটি বিষয়ে টীকা লেখোঃ $5 \times 1 = 5$

- (ক) ম্যাকবেথ (খ) আইভ্যান হো (গ) শেক্সপীয়রের সনেট (ঘ) ম্যান অ্যাণ
সুপারম্যান (ঙ) দি ওয়েস্টল্যাণ্ড।

৫. নিম্নলিখিত যে-কোন একটি প্রশ্নের উত্তর দাওঃ $15 \times 1 = 15$

- (ক) হিন্দী সাহিত্যে নবজাগরণের যুগ বলতে কি বোঝায়? এই যুগের শ্রেষ্ঠ
সাহিত্যিক ভারতেন্দু হরিশচন্দ্রের কৃতিত্ব কোথায়, তা নিরূপণ করো। $3+12$
- (খ) ছায়াবাদী সাহিত্য কাকে বলে? হিন্দী সাহিত্যে ছায়াবাদী কবি হিসাবে
'নিরালা'র পরিচয় পরিস্ফুট করো। $3+12$
- (গ) ছেটগল্পকার মুনশী প্রেমচন্দ্রের স্বাতন্ত্র্যের পরিচয় দাও। এই প্রসঙ্গে তাঁর সমাজ
সম্পর্কিত দৃষ্টিভঙ্গের পরিচয় দাও। $10+5$

৬. নিম্নলিখিত যে-কোন দুটি বিষয়ে আলোচনা করোঃ $5 \times 2 = 10$

- (ক) গোদান (খ) স্মৃতি কী রেখাঁ (গ) বঙ্গদর্শন (ঘ) নীহার
(ঙ) কায়াকল্প (চ) বড়ে ঘর কী বেটি।

B.A./Part -III/Hons./BNGA-VIII/2017

৭. নিম্নলিখিত যে-কোন একটি প্রশ্নের উত্তর দাওঃ $15 \times 1 = 15$

- (ক) ‘কাব্যম् গ্রাহমলংকারাঃ’ – বিষয়টি ব্যাখ্যা করো।
(খ) ‘রস হচ্ছে নিজের আনন্দময় সম্বিতের আশ্বাদরূপ একটি ব্যাপার’ – রসের
স্বরূপ ব্যাখ্যায় উক্তিটি কতখানি যথার্থ, আলোচনা করো।
(গ) ‘কাব্যের আঙ্গ বাচ নয়, ব্যঙ্গনা। কথা নয় ধ্বনি – রসধ্বনি’ – আলোচনা
করো।

৮. নিম্নলিখিত যে-কোন একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করোঃ $5 \times 1 = 5$

- (ক) রীতিরাঙ্গা কাব্যস্য (খ) সাধারণীকরণ (গ) বিভাব ও অনুভাব।

৯. নিম্নলিখিত যে-কোন একটি প্রশ্নের উত্তর দাওঃ $15 \times 1 = 15$

- (ক) ‘সাহিত্য ব্যক্তি বিশেষের নহে, তাহা রচয়িতার নহে, তাহা দৈববাণী’ –
‘সাহিত্যের তাৎপর্য’ প্রবন্ধ অনুসারে রবীন্দ্রনাথের বক্তব্যের মর্মকথাটি বুঝিয়ে
দাও। 15

- (খ) ‘মন প্রকৃতির আরশি নহে, সাহিত্যও প্রকৃতির আরশি নহে।’ – মন ও
সাহিত্য কেন প্রকৃতির আরশি নয়, রবীন্দ্রনাথের ‘সাহিত্যের বিচারক’ প্রবন্ধ
অবলম্বনে বিষয়টি বুঝিয়ে দাও। 15

- (গ) উদ্ধৃতি দুটির ব্যাখ্যা করোঃ $7.5 + 7.5$

- (অ) ‘সৌন্দর্যমূর্তি মঙ্গলের পূর্ণমূর্তি এবং মঙ্গলমূর্তি সৌন্দর্যের পূর্ণস্বরূপ।’

- (আ) ‘মানুষকে যদি পুরা করিয়া তুলিতে হয় তবে সৌন্দর্যচর্চাকে ফাঁকি দেওয়া
চলে না।’